**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**16 FEBRUARY 2025** **7:45—7:55 PM IST**

===========================================================================

১। আসাম মন্ত্রীসভার বৈঠকে রাজ্যে সবুজ শক্তি উৎপাদনের জন্য সংহত নীতি রূপায়নে অনুমোদন ।

২। অসম লোকসেবা আয়োগের অধীনে আজ সংযুক্ত প্রতিযোগিতামূলক পরীক্ষায় উত্তীর্ণ ৫৬৪ জন প্রার্থীকে বিভিন্ন বিভাগের নিযুক্তিপত্র প্রদান ।

৩। আগামীকাল থেকে আসাম বিধানসভার বাজেট অধিবেশন ।কোকরাঝারে বাজেট অধিবেশনের প্রথমদিনের বিশেষ কার্যসূচী ।

৪। আগামীকাল থেকে দুদিন ব্যাপী আসাম বিশ্ববিদ্যালয়ের ২২ তম সমাবর্তন ।

---

আগামী ১৪ ই এপ্রিল থেকে সরকারী বিজ্ঞপ্তীগুলি ও নির্দেশনাগুলি ইংরেজী সহ অসমীয়া ভাষায় প্রকাশ করা হবে । তবে বরাক উপত্যকায় এধরণের কাজের ক্ষেত্রে বাংলা সহ অসমীয়া ও ইংরেজীতে এবং বিটিআরে অসমীয়া

ও ইংরেজী ছাড়া ও বড়ো ভাষা ব্যবহার করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার পৌরহিত্যে আজ দিশপুরে অনুষ্ঠিত মন্ত্রীসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । উল্লেখ্য আজ রাজ্য সরকারের আসাম চুক্তির ৬ নম্বর দফা রুপায়ন সম্পর্কে সারা আসাম ছাত্র সংস্থার সংগে আলোচনা অনুযায়ী এই দফা রুপায়নের জন্য , অবসরপ্রাপ্ত বিচারপতি বিপ্লব শর্মা নেতৃত্বাধীন সমিতির প্রতিবেদনের ৫২ টি পরামর্শের মধ্যে ৩৮ টি রুপায়ন প্রক্রিয়ায় উভয় পক্ষ সহমতে উপনীত হয় ।বৈঠকে রাজ্যে সবুজ শক্তি উৎপাদনের জন্য সংহত নীতি রুপায়নে আজ অনুমোদন জানানো হয়েছে ।

---

রাজ্য সরকার আজ আসাম লোকসেবা আয়োগের অধীন সংযুক্ত প্রতিযোগীতামূলক পরীক্ষায় উত্তীর্ন ৫৬৪ জন প্রার্থীকে বিভিন্ন বিভাগে নিযূক্তি পত্র বিতরণের উদ্দেশ্যে শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রে এক অনুষ্ঠানের আয়োজন করে । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রার্থীদের নিযূক্তি পত্র প্রদান করে সকল নিযুক্তিপত্র প্রাপককে বিকশিত আসাম গড়ে তোলার ক্ষেত্রে প্রচেষ্টা করে যেতে আহ্বান জানান ।ড: **শর্মা** এপর্যন্ত ১ লক্ষ ৩ হাজারের ও বেশী যুবক যুবতীকে স্বচ্ছভাবে নিযূক্তি দেওয়া হয়েছে বলে জানান ।এবার জনস্বাস্থ্য কারিগরি বিভাগে সর্বাধিক ২৬২ জন ও অর্থ বিভাগে ৯৬ জন প্রার্থীকে নিযুক্তি দেওয়া হয়েছে । উল্লেখ্য অজুন পুরষ্কারে সম্মানিত ধনুর্বিদ জয়ন্ত তালুকদারকে রাজ্য সরকার উপ পুলিশ সুপার হিসেবে নিযূক্তি দিয়েছে ।

---

আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামীকাল থেকে শুরু হচ্ছে । আগামীকাল বাজেট অধিবেশনের প্রথমদিনের কার্যসূচী প্রথমবারের মতো কোকরাঝারে অনুষ্ঠিত হবে ।রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্যের ভাষণের মধ্য দিয়ে আগামীকাল বাজেট অধিবেশনের প্রথম দিনের কার্যসূচী শুরু হবে ।এদিকে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে রাজ্যে শান্তি ফিরে আসা এবং রাজ্যের সব লোকেদের মধ্যে সমন্বয়ের প্রতীক হিসেবে এবার প্রথমবারের মতো গুয়াহাটীর বাইরে বাজেট অধিবেশন আরম্ভ করা হচ্ছে ।অধিবেশনের বাকী কাজকর্ম গুয়াহাটীর আসাম বিধানসভা ভবনে অনুষ্ঠিত হবে ।এই অধিবেশন ২৫ শে মার্চ পর্যন্ত চলবে ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন দেশের বিভিন্ন প্রান্তের পরম্পরাগত পোষাকের ওপর ভারতের সাংস্কৃতিক বৈচিত্র্যের নিদর্শন পাওয়া যায় ।আজ নতুনদিল্লীর ভারত মন্ডপমে ‘ভারত টেক্স ২০২৫ ’ এ অংশগ্রহণ করে শ্রী মোদী বলেন ভারত বিশ্বের মধ্যে ষষ্ঠ বস্ত্র রপ্তানি কারক দেশ হিসেবে পরিগণিত হয়েছে । বর্তমানে ৩ লক্ষ কোটি টাকার বস্ত্র বিদেশে রপ্তানী করা হচ্ছে বলে উল্লেখ করে ২০৩০ সালের মধ্যে ৯ লক্ষ কোটি টাকার বস্ত্র রপ্তানীর লক্ষ্য ধার্য করা হয়েছে বলে প্রধানমন্ত্রী জানান ।প্রধানমন্ত্রী ভারত মন্ডপমে প্রদর্শনী স্টলগুলো পর্যবেক্ষন করে বস্ত্রশিল্পীদের সঙ্গে মত বিনিময় করেন ।

---

কেন্দ্রীয় মহিলা ও শিশু বিকাশ মন্ত্রী অন্নপূর্না দেবী যাদব আজ ডিব্রুগড়ে মহিলা ও শিশু কল্যাণ সম্পর্কিত বিভিন্ন প্রকল্প নিয়ে পর্যালোচনা করেন ।

ডিব্রুগড় আবর্ত ভবনে অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে শ্রীমতী যাদব প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকারের গ্রহণ করা বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের কথা উল্লেখ করেন ।মহিলা ও শিশুর কল্যাণের জন্য সমাজের সক্রিয় অংশ গ্রহণের প্রয়োজন রয়েছে বলে মন্ত্রী মন্তব্য করেন । তিনি মহিলা সবলীকরন , পুষ্টি , শৌচাগার স্থাপন ও আর্থ- সামাজিক বিকাশ সম্পর্কিত সরকারের বিভিন্ন পদক্ষেপের বিষয়ে আলোকপাত করেন । আসামে ডাবল ইঞ্জিন সরকারের নেতৃত্বে বাল্য বিবাহ প্রতিরোধ , স্বাস্থ্যসেবার উন্নয়ন সহ উদ্যোগ সৃষ্টির ক্ষেত্রে অগ্রগতির ও তিনি প্রশংসা করেন ।

---

গৌহাটীতে আগামী ২৫ ও ২৬ শে ফেব্রুয়ারী অনুষ্ঠেয় বিনিয়োগ ও পরিকাঠামো বিষয়ক শীর্ষ সম্মেলন এডভান্টেজ আসামের দ্বিতীয় সংস্করণের প্রস্তুতি অব্যাহত রয়েছে । মন্ত্রী কেশব মহন্ত আজ সকালে খানাপারার পশু চিকিৎসা মহাবিদ্যালয়ে প্রদর্শনী উপ সমিতির আধিকারিকদের সংগে প্রদর্শনী স্থল প্ররিদর্শন করেন ।শ্রী মহন্ত আর্ন্তজাতিক পর্যায়ের প্রদর্শনীর আয়োজনের সংগে জড়িত বিভিন্ন দিক পর্যবেক্ষণ করা সহ আধিকারিক ও ইভেন্ট মেনেজমেন্ট প্রতিষ্ঠানের কার্যবাহীর সংগে প্রদর্শনী স্থলের অগ্রগতির পর্যালোচনা করেন ।

---

জৈব কৃষিচাষের ক্ষেত্রে নতুন মাইলফলকের সূচনা হয়েছে কাছাড়ে। এবার শুনুন এই নিয়ে আকাশবাণী

শিলচরের বিশেষ প্রতিবেদন -

ভয়েস ওভার- ১ল ৫০ ড়নদ

রাসায়নিক সারের পরিবর্তে জৈব সার ব্যবহার করে পুষ্টিকর সব্জি থেকে শুরু করে ফল উৎপাদনে দৃষ্টান্তমূলক সাফল্য অর্জন করছেন কাছাড়ের কৃষকেরা।

লক্ষীপুরের জৈব পদ্ধতিতে উৎপাদিত বিখ্যাত আনারস দেশ ছেড়ে পাড়ি দিয়েছে বিদেশেও। মারকুলিনে আনারস চাষে সাফল্যের জন্য দুহাজার তেইশ সালে আসাম-গৌরব সম্মানে ভূষিত হয়েছেন মাঙথান মার। আকাশবাণী শিলচরকে তিনি জানালেন

**বাইট** - **মাঙথান মার**

ভয়েস ওভার-

এবার ক্যানবন্দি হয়েই বিভিন্ন রাজ্যে পৌঁছে যাবে লক্ষীপুরের আনারস। বললেন জেলা কৃষি দপ্তরের অধিকর্তা ডঃ এ আর আহমেদ ঞ্চ

**বাইট** - **ডঃ এ আর আহমেদ**

ভয়েস ওভার-

সরকারের বিভিন্ন জৈব চাষ প্রকল্প ও সাফল্য নিয়ে তিনি বলেন

**বাইট** - **ডঃ এ আর আহমেদ**

ভয়েস ওভার-

আশা করা যায় লক্ষ্মীপুরে জৈব কৃষির এই সাফল্য এবার পথ দেখাবে সারা জেলাকেই।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের ২২ তম সমাবর্তন আগামীকাল থেকে দুদিন ব্যাপী কার্যসূচীর মধ্য দিয়ে শুরু হচ্ছে ।আগামীকাল বেলা সাড়ে ১১ টায় বিশ্ববিদ্যালয়ের নেতাজী সুভাষ মঞ্চে সমাবর্তনের অনুষ্ঠানিক উদ্বোধন করা হবে ।অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সেনা বাহিনীর স্বাস্থ্য সেবার ডিরেক্টর জেনারেল লেফট্যানেন্ট জেনারেল সাধনা এস নায়ার ।প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এয়ার মার্শাল ( অবসরপ্রাপ্ত) কে পি আয়ার ।এইমস গুয়াহাটীর অধ্যাপক অশোক পূর্ণক , শিলচর এন আই টি’র সঞ্চালক অধ্যাপক দিলীপ কুমার বৈদ্য । অনুষ্ঠানে অধ্যক্ষতা করবেন আসাম বিশ্ববিদ্যালয়ের আচার্য অবসরপ্রাপ্ত এয়ার চিফ মার্শাল অরূপ রাহা ।

---

আসাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড: রাজীব মোহন পন্থকে সংবর্ধনা জানালো শিলচরের লোকচর্চা বিষয়ক সংগঠন সম্মিলিত লোকমঞ্চ ।

গতকাল সন্ধ্যায় সংস্থার সভাপতি ড: অনুপ কুমার রায়ের নেতৃত্বে এক প্রতিনিধি দল ড: পন্থের সংগে সাক্ষাৎ করে তাকে স্মারক সম্মাননা প্রদান সহ উত্তরীয় দিয়ে সম্মানিত করেন । পরে ড: পন্থ বলেন বিহু , ঝুমুরের ন্যায় ধামাইল নৃত্য ও অনুরুপ জনপ্রিয় । বরাক উপত্যকার কৃষ্টি , সংস্কৃতি ও ঐতিহ্যের সংগে জড়িত ধামাইল নৃত্যকে সমগ্র বিশ্বের কাছে তুলে ধরতে সম্মিলিত লোকমঞ্চের প্রয়াসের ড: শর্মা প্রশংসা করেন ।

---

শিলচর জেলা ক্রীড়া সংস্থার উদ্যোগে শিলচর বঙ্গভবনে আয়োজিত রেখা রাণী সাহা স্মৃতি মঞ্চ বাংলা একাংক নাটক প্রতিযোগীতা আজ সকাল সাড়ে ১১টা থেকে শুরু হয়েছে । আজ মোট ছয়টি নাটক মঞ্চস্থ হচ্ছে । বাংলা একাংক নাটক প্রতিযোগীতায় অংশগ্রহনকারী সংস্থাগুলি হচ্ছে- অরুনাচল এস এস , পূবালী , সারস্বত , মধ্যশহর সাংস্কৃতিক সমিতি , টাউন ক্লাব , তরুন সংঘ এবং রূপম । রাত সাড়ে আটটা থেকে পুরষ্কার বিতরনী অনুষ্ঠান শুরু হবে ।

---

---